I-2426/2018

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

D 814

Certified that the document is admitted to registration. The Signature Sheet and endorsement Sheets Attached to this document are the part of the document.

Additional District Sub-Registrar
Cossipore, Dum Dum, 24-Pgs. (North)

1 6 MAR 2018

## -ঃ স্থাবর সম্পত্তি বিক্রয়ের সাফ বিক্রয় কোবালা ঃ-

কোবালা গ্রহীতা ঃ- **শ্রী বলরাম বসাক, PAN- CYLPB4992B,** পিতা- স্বর্গীয় দেবেন্দ্র মোহন বসাক, জাতি - হিন্দু, নাগরিকতায় ভারতীয়, পেশা - চাকুরী, সাকিন -৬১২ নং রবীন্দ্র নাথ ঠাকুর রোড, পোঃ বেদিয়াপাড়া, থানা- দমদম, কলকাতা - ৭০০০৭৭, জেলা উত্তর ২৪ পরগণা।

BALAJI TRADING
Partner

কোবালা দাত্রী ঃ-

শ্রীমতী গৌরী দাস, **PAN- ALNPD6543P,** স্বামী- শ্রী সুরেশ দাস, জাতি - হিন্দু, নাগরিকতায় ভারতীয়, পেশা - গৃহস্থালী, সাকিন -নতুনপল্লী রানিয়া (গীতা নগর), পোঃ- বোড়াল, থানা - সোনারপুর, কোলকাতা- ৭০০১৫৪, জেলা -দক্ষিণ ২৪ পরগণা।

Gouri Das.

কস্য সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় স্থানীয় মাপের কমবেশী ৩ কাঠা **বাস্তু জমি মায় তদুপরিস্থিত ৪০০ (চার শত)** বর্গফুট বিশিষ্ট টালির ছাউনি যুক্ত কাচা গৃহাদি মধ্যে দানপত্র দাতার ওয়ারিশান সূত্রে প্রাপ্ত অবিভক্ত ৬ (ছয়) ছটাক ০ (শূন্য) বর্গফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত ১০০ (এক শত) বর্গফুট বিশিষ্ট টালির ছাউনি যুক্ত কাচা গৃহাদি মায় সর্ব্ব প্রকার ইজমেন্ট স্বত্বাদি সহ শুভবিক্রয়ের সাফ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা - উত্তর ২৪ পরগণা, থানা - দমদম, এ্যাডিশন্যাল ডিস্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস কাশীপুর দমদম সামিল দক্ষিণ দমদম পৌরসভার **১১ নং ওয়ার্ডের অন্তর্গত মৌজা -বেদিয়াপাড়া গ্রামে** জে. এল. নং ৭, মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেক্টর বাহাদুর অধিকারে ১২৯৮/২৮৩৩

BALAJI TRADING
Naba Kr Biswas.
Shibnath Das
Partner

নং তৌজির অন্তর্গত জি.ডি. ১, সাব ডি ৭ অন্তর্ভুক্ত ৫৫ গ্রাম সংক্রান্ত সাবেক ও হাল ১৪৭ নং খতিয়ানের অধীন ১৪৮ নং খতিয়ান ভুক্ত ৪৩ নং হোল্ডিং ভুক্ত রায়ত স্থিতিবান স্বত্ব বিশিষ্ট সাবেক ও হাল ৩৪১ নং দাগ ভুক্ত ৭৩ শতক জমি ও উক্ত মৌজায় আরো কিছু জমি সাব্যস্থ লইয়া যথাযথ উন্নতি সাধন করিয়া উহাতে খন্ড খন্ড করতঃ ১৬ ফুট রাস্তা প্রস্তুত করতঃ ভিন্ন প্লটে বিভক্ত করিয়া ১৫ নং মহানির্বান রোড, থানা - টালিগঞ্জ নিবাসী শ্রী অমূল্য ধন ঘোষ দিং নিকট হইতে উপরি উক্ত ৩৪১ নং দাগস্থিত ৭০ শতক মধ্যে ১৮ শতক জমি রেজিষ্ট্রীকৃত কোবালা মূলে খরিদ করিয়া জনৈক শ্রী কেশব সরকার মহাশয় ভোগ দখল করিতে থাকাকালীন উক্ত সম্পত্তির মধ্যে ৯৯ নং প্লটে চিহ্নিত স্থানীয় মাপে কমবেশী ৩ কাঠা জমি মায় তৎ সংলগ্ন রাস্তা ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হক হকুক সম্পত্তি বিগত ইংরাজী ২২শে জুন ১৯৬৪ তারিখে কাশীপুর দমদম সাব রেজিষ্ট্রী অফিসে ১ নং বহির ৭৮ নং ভল্যুমের ৮১ নং পাতায় লিপিবদ্ধ ৪৯৮৭ নং সাফ বিক্রয় কোবালা দলিল মূলে শ্রীমতী সুখসারী বসাক মহাশয়াকে বিক্রয় করিয়া উক্ত সম্পত্তি হইতে এককালীন চিরনিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন।

BALAJI TRADING
Partner

Gouri Das

অতঃপর উক্ত রুপে উক্ত সম্পত্তি খরিদ করিয়া শ্রীমতী সুখসারি বসাক স্থানীয় পৌরসভা সরকার প্রভৃতিতে তাহার নাম পত্তন করিয়া উহার উপর কাঁচা গৃহাদি নির্ম্মান করিয়া ভোগ দখল করিতে থাকাকালীন বিগত ইংরাজী ০৪/০৮/২০০১ তারিখে পরলোক গমন করেন। পরলোক গমন কালে শ্রীমতী সুখসারি বসাক তাহার এক পুত্র অর্থাৎ শ্রী বলরাম বসাক অত্র দলিলের গ্রহীতা এবং তিন কন্যা যথাক্রমে শ্রীমতী রানু বসাক, শ্রীমতী গীতা বসাক এবং শ্রীমতী মঞ্জু বসাক (অধুনা মৃত) গনকে তাহার ত্যক্ত সম্পত্তির উত্তরাধিকারী রাখিয়া যান। পরবর্তীকালে উক্ত বলরাম বসাক, রানু বসাক, গীতা বসাক ও মঞ্জু বসাক প্রত্যেকে উক্ত সম্পত্তির মধ্যে ১/৪ অংশের মালিক হয়েন। প্রকাশ থাকে যে, উক্ত শ্রীমতী সুখসারি বসাকের স্বামী স্বর্গীয় দেবেন্দ্র মোহন বসাক বহুদিন আগেই পরলোক গমন করিয়াছেন পরবর্তীকালে উক্ত শ্রীমতী মঞ্জু বসাক বিগত ইং ২৬/০৭/২০০২ তারিখে পরলোক গমন করিলে পর আমি অত্র দলিলের দাত্রী এবং আমার অপর এক ভ্রাতা শ্রী মধুসূদন বসাক একযোগে একত্রে আমাদের মায়ের ওয়ারিশানগণক্রমে অবিভক্ত ১/৮ অংশে তৎত্যক্ত উপরি উল্লিখিত সম্পত্তির মধ্যে অবিভক্ত ৬ ছয় ছটাক ০ বর্গফুট পরিমিত বাস্তু জমি মায় তদুপরিস্থিত ১০০ বর্গফুট কাচা গৃহাদির মালিক ও দখলিকার হইতেছি।

BALAJI TRADING
Nala Ks Biswas.
Shib nath Das
Partner

প্রকাশ থাকে যে, আমার পিতা রামদুলাল বসাক কিছুদিন পূর্বে পরলোক গমন করিয়াছেন।

উক্ত রূপে উক্ত সম্পত্তি ওয়ারিশান সূত্রে পাইবার পর আমি অত্র বিক্রেতা অন্যের বিনা স্বত্ব সংশ্রব রহিতে নিজ খাসে ভোগ দখলে কায়েম আছি ও হইতেছি যাহাতে আমার দান, বিক্রয়, বন্ধক, লীজ ও হস্তান্তরাদি করিবার উত্তম নিব্যূঢ় স্বত্ব বিদ্যমান আছে।

এক্ষণে আমার নানাবিধ বৈধ ও সঙ্গত কারণে নগদ অর্থের বিশেষ আবশ্যক হওয়ায় আমার খরিদা সূত্রে প্রাপ্ত রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট সম্পত্তির মধ্যে নিম্ন তপশীল ভুক্ত ৩ কাঠা বাস্তু জমি মায় তদুপরিস্থিত ৪০০ (চার শত) বর্গফুট বিশিষ্ট টালির ছাউনি যুক্ত কাচা গৃহাদি মধ্যে দানপত্র দাত্রীর ওয়ারিশান সূত্রে প্রাপ্ত অবিভক্ত ৬ (ছয়) ছটাক ০ (শূন্য) বর্গফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত ১০০ (এক শত) বর্গফুট বিশিষ্ট টালির ছাউনি যুক্ত কাচা গৃহাদি তৎসামিলে যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি সাফ বিক্রয় করিব মনস্থ করিয়া ঘোষণা করিলে পর আপনি অত্র ক্রেতা তাহা খরিদ করিতে ইচ্ছুক হইয়া উহার বর্তমান সর্ব্বোচ্চ বাজার মূল্য মং -৩,০০,০০০৲ (তিন লক্ষ) টাকা দিতে স্বীকার

BALAJI TRADING
Partner

করায় ও আমি আপনার প্রস্তাবিত উক্ত মূল্যে সম্মত হইয়া মূল্যের লিখিত টাকা নিম্ন জায়মত আপনার নিকর্ট হইতে স্বাক্ষীগণের উপস্থিতিতে গ্রহণ করিয়া নিম্ন তপশীল বর্ণিত কমবেশী ৩ কাঠা বাস্তু জমি মায় তদুপরিস্থিত ৪০০ (চার শত) বর্গফুট বিশিষ্ট টালির ছাউনি যুক্ত কাচা গৃহাদি মধ্যে দানপত্র দাতার ওয়ারিশান সূত্রে প্রাপ্ত অবিভক্ত ৬ (ছয়) ছটাক ০ (শূন্য) বর্গফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত ১০০ (এক শত) বর্গফুট বিশিষ্ট টালির ছাউনি যুক্ত কাচা গৃহাদি তৎসামিলে আকর আওলাতাদি ও যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হক হকুক সম্পত্তি আপনার নিকট সাফ বিক্রয় করিলাম ও বিক্রীত সম্পত্তি হইতে আমি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে এককালীন চিরনিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং উহাতে আপনাকে খোলসা খাস দখল দিলাম।

আপনি অদ্যকার তারিখ হইতে আমার বিক্রীত সম্পত্তিতে যাবতীয় স্বত্বে স্বত্বাধিকার হইয়া মালিকান সরকারে ও স্থানীয় পৌরসভায় আমার নামের পরিবর্তে আপনার নিজ নাম পত্তন করিয়া নিরূপিত ও নির্দ্ধারিত খাজনা ও ট্যাক্সাদি আদায় দিয়া পরিবর্তন, পরিবর্দ্ধন, পাকা গৃহাদি নির্মাণ, দান,

BALAJI TRADING
Partner

বিক্রয়, আপোষ বন্টন, বন্ধক ও হস্তান্তরাদি সহ সর্বপ্রকার ক্ষমতা পরিচালনা করিতে থাকিয়া অংশীদার/ওয়ারিশান স্থলাভিষিক্তগণ ক্রমে যদৃচ্ছা ব্যবহারে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে আমি বা আমার ওয়ারিশান স্থলাভিষিক্তগণক্রমে কেহ কষ্মিনকালে কোনপ্রকার দাবী দাওয়া বা ওজর আপত্তি করিব না বা করিবে না বা করিলেও তাহা এই বিক্রয় কোবালা দলিলের দ্বারা সর্বভাবে সর্ব্বাদালতে আইনতঃ বাতিল অগ্রাহ্য ও নামঞ্জুর হইবে।

বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামীত্ব, লভ্য, হক হকিয়ৎ ইজমেন্ট অধিকারাদি ছিল বা আছে তৎসমুদয় অদ্যকার তারিখ হইতে রদ, রহিত ও লোপ পাইয়া অত্র বিক্রয় কোবালা দলিলের বলে আমার হইতে আপনাতে সম্পূর্ণরূপে অর্শাইল ও বর্তাইল।

বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্বে কাহারও নিকট কোন প্রকার দায়বদ্ধ করি নাই বা করা নাই। উহা কোনরূপ কাহাকেও দান, বিক্রয়, বন্ধক বা হস্তান্তর করি নাই বা বিক্রয় করিবার জন্য কোনরূপ মৌখিক বা লিখিত চুক্তি বা বায়নাপত্র করি নাই বা

Gouri Das

BALAJI TRADING
Nabe Srinivas
Shibnath Dey
Partner

উহা কাহারও জামিন দায়ে আবদ্ধ সম্পত্তি নহে বা উহা কোন মামলা মোকর্দ্দমার বিষয়ভুক্ত সম্পত্তি নহে বা উহা ল্যান্ড এ্যাকুইজিশান বা রিকুইজিশানের অন্তর্ভুক্ত সম্পত্তি নহে বা উহা কোন দেব-সেবায় বা ট্রাষ্ট ফান্ডে অর্পিত সম্পত্তি নহে, উহাতে কোন লিয়েন বা লিসপেনডেন্সের দোষ নাই বা উহাতে কোন ল্যান্ড এ্যাকুইজিশানের নোটিশাদি প্রাপ্ত হই নাই বা উহাতে কোন শরিক বা অংশীদার নাই, উহা সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আমার খাস দখলে থাকা অবস্থায় অদ্য আপনার নিকট সাফ বিক্রয় করিলাম।

যদি ভবিষ্যতে উক্ত কোন কারণে আমার বিক্রীত সম্পত্তিতে কোন দায় সংযোগাদি অথবা উপরিউক্ত উক্তির কোনটি মিথ্যা প্রতিপন্ন হইয়া বা কোন তঞ্চকতা প্রকাশ পাইয়া আমার স্বত্ব দখলের দোষে আপনার খরিদা স্বত্ব দখলের কোন প্রকার ত্রুটি প্রকাশ পায় বা বিঘ্ন ঘটে বা ক্ষতি হয় বা উক্ত খরিদা সম্পত্তি হইতে আপনি ক্রেতা বে-দখল হন, তাহা হইলে আমি বিক্রেতা আইন অনুসারে দায়ী ও দন্ডনীয় হইব এবং যাবতীয় ক্ষতিপূরণ সহ লিখিত পণের সম্পূর্ণ টাকা আমি মায় আমার ওয়ারিশানগণক্রমে ফেরৎ দিতে বাধ্য ও স্বীকৃত রহিলাম।

BALAJI TRADING
Partner

Gouri Das

বিক্রীত সম্পত্তিতে আমি আপনার খরিদা স্বত্ব দখল, কায়েম ও সুদৃঢ় করিবার জন্য আপনাকে সকল প্রকার সহায়তা করিতে বাধ্য ও স্বীকৃত রহিলাম।

অত্র দলিলে কোন প্রকার ভুল বা ভ্রম প্রকাশ পাইলে ও তৎসংশোধনার্থে অত্র দলিলের পোষকতায় অপর কোন আইন সম্মত দলিল আপনার অথবা আপনার ওয়ারিশানগণের অনুকূলে সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিবার প্রয়োজন হইলে কোন পণ বা পারিশ্রমিক না লইয়া আপনার খরচায় আপনার তলব মত বিনা ওজরে করিয়া দিতে আমি মায় ওয়ারিশানগণক্রমে বাধ্য ও স্বীকৃত রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে, সরলমনে, অন্যের বিনানুরোধে, অত্র দলিলের ভাষা পাঠ করিয়া এবং উহার মর্ম্ম সমূহ অবগত হইয়া নিম্নলিখিত সাক্ষীগণের সম্মুখে মূল্যের লিখিত ৩,০০,০০০ (তিন লক্ষ)টাকা মাত্র নিম্ন জায়মত আপনার নিকট হইতে গ্রহণ করিয়া আপনার অনুকূলে এই সাফ কোবালা দলিল সহি সম্পাদন করিয়া দিলাম।

ইতি তারিখ বাংলা ১৪২৪ সনের ১ লা চৈত্র

মোতাবেক ইংরাজী ২০১৮ সালের ১৬ই march,

BALAJI TRADING
Naba Kr Biswas
Shibnath Das
Partner

-ঃ তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় ও তাহার চৌহদ্দি ঃ-

জেলা - উত্তর ২৪ পরগণা, থানা - দমদম, এ্যাডিশন্যাল ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস কাশীপুর দমদম সামিল দক্ষিণ দমদম পৌরসভার ১১ নং ওয়ার্ডের অন্তর্গত ৬১২, আর.এন. টেগোর রোড, হোল্ডিং ভুক্ত কলিকাতা পরগণার অন্তর্গত **মৌজা - বেদিয়াপাড়া** গ্রামে জে. এল. নং ১৭, রেঃ সাঃ নং ৭, মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেক্টর বাহাদুর অধিকারে ১২৯৮/২৮৩৩ নং তৌজির অন্তর্গত মালিকের সাবেক ও হাল ১৪৭ (এক শত সাতচল্লিশ) নং খতিয়ানের অধীন নিজ প্রজাই সাবেক ও হাল ১৪৮ (এক শত আটচল্লিশ) নং খতিয়ান ভুক্ত রায়ত দখলী স্বত্বীয়—

সাবেক ও হাল **৩৪১ (তিন শত একচল্লিশ) নং দাগ** ভুক্ত স্থানীয় মাপে কমবেশী ৩ তিন কাঠা জমি মায় তদুপরিস্থিত ৪০০ বর্গফুট বিশিষ্ট টালির ছাউনি যুক্ত কাচা গৃহাদি মধ্যে আমাদের অত্র দাতার ওয়ারিশান সূত্রে প্রাপ্ত অবিভক্ত, অবিভাজ্য ও অবন্টনকৃত ১/৮ অর্থাৎ স্থানীয় মাপে কমবেশী **৬ ছয় ছটাক ০ (শূন্য) বর্গফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত ১০০ (এক শত) বর্গফুট বিশিষ্ট সিমেন্টের ফ্লোর বিশিষ্ট ও টালির ছাউনি যুক্ত কাঁচা গৃহাদি** মায় উক্ত জমিতে যাতায়াতের রাস্তার যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি ও উহার উপর ও তলদেশ দিয়া জলের

Gouri Das

BALAJI TRADING
Naba ... Biswas
Shibnath Das
Partner

লাইন, ইলেকট্রিক লাইন, টেলিফোনের লাইন, প্রভৃতি আনায়নের উত্তম স্বত্বাধিকার সহ দরবস্তু হক হকুক সম্পত্তি অত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে। যাহার চৌহদ্দিঃ-

| | | |
|---|---|---|
| উত্তরে | ঃ | ৩৪১ নং দাগ ভুক্ত অপরের জমি |
| দক্ষিণ | ঃ | আংশিক ৩৪১ নং দাগ ভুক্ত অপরের জমি এবং আংশিক ৭' - ৬'' ইঞ্চি প্রশস্ত কমন প্যাসেজ |
| পূর্ব | ঃ | ৩৩৯ নং দাগ ভুক্ত অপরের জমি। |
| পশ্চিম | ঃ | ১৬ ফুট প্রশস্ত কমন প্যাসেজ। |

অত্র দলিল সংলগ্ন নকসা যাহা "**লাল**" রঙের সীমারেখা দ্বারা চিহ্নিত তাহা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য ও বিবেচিত হইল।

ইসাদি -

১। Subhadip Kar
Rajarhat Kanmakar Para Kol-135

Gouri Das
(বিক্রেতার স্বাক্ষর)

২। Sanjoy Ghosh
24 Vidyasagar ...

Balaram Basak
(ক্রেতার স্বাক্ষর)

মুসাবিদাকারক ঃ

Sanjay Chakrabarti
সঞ্জয় চক্রবর্তী
এ্যাডভোকেট
ক্যালকাটা হাইকোর্ট।
WB-2/617/1

BALAJI TRADING
Nabo ...
Shibnath ...
Partner

## -ঃ টাকার জায় ঃ-

১) NEFT/SK/AXSK 180720021109/2757 DATED 13.3.18, ASIX BANK, SINTHI BRANCH — ১,০০,০০০ টাকা

২) NEFT REF NO. 000042058610 DATED 15.3.18, ICICI BANK NAGER BAZAR BRANCH — ২,০০,০০০ টাকা

মোট - ৩,০০,০০০ টাকা

(মবলগে তিন লক্ষ টাকা মাত্র বুঝিয়া পাইলাম)

ইসাদি

১। Subhadip Kar

Rajarhat Karmakar Para - Kol-135

Gouri Das.

(বিক্রেতাগনের স্বাক্ষর)

২। Sanjoy Ghosh

24 Nagar Bazar Rd.

Kol - 77.

BALAJI TRADING

Noba Jr Partners

Shibnath Dey

Partner

I-2426/2018

of Registration under section 60 and Rule 69.
ed in Book - I
e number 1506-2018, Page from 111895 to 111916
g No 150602426 for the year 2018.

Seal of the Additional District Sub-Registrar, Cossipore Dumdum, District North 24 Parganas

Digitally signed by MOHUL MUKHOPADHYAY
Date: 2018.03.21 18:10:01 +05:30
Reason: Digital Signing of Deed.

(Mohul Mukhopadhyay) 21/03/2018 18:09:16
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE A.D.S.R. COSSIPORE DUMDUM
West Bengal.

(This document is digitally signed.)